

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁওশেরে বাংলা নগর,

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.০০৯.২০. ১৩১৮



শেখ হাসিনার মূলমূরি

গ্রাম শহরের উন্নতি

তারিখ: ১৫.০৩.২০২১ খ্রি:

প্রতি

নির্বাহী প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

জেলাঃ -----।

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্যাপন উপলক্ষ্যে আগামী ১৭ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, মুজিবৰ্ষ এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্যাপন উপলক্ষ্যে এলজিইডি ১৭-২৬ মার্চ ২০২১ সদর দপ্তর ও জেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচী পালনের উদ্যোগ গ্রহণ করেছে। জেলা পর্যায়ে যে সব কর্মসূচী পালনের জন্য নির্ধারণ করা হয়েছে তা হলো-

১. ১৭ই মার্চ ২০২১ সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন।
২. ১৭ই মার্চ ২০২১ নিজ কার্যালয়ে বা স্থানীয় প্রশাসনের উদ্যাগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন।
৩. নিজস্ব মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন।
৪. বঙ্গবন্ধুর বিভিন্ন বাণী সম্বলিত ফেস্টুন, ব্যানার প্রভৃতি দিয়ে অফিস ভবন সজ্জিতকরণ। উল্লেখ্য ব্যানার ও ফেস্টুনের স্যাম্পল ইতোপূর্বে প্রেরণ করা হয়েছিল। প্রয়োজনে আবারও ইমেইলের মাধ্যমে প্রেরণ করা হবে।
৫. ১৭-২৬শে মার্চ ২০২১ পর্যন্ত সক্ষ্যার পর ভবনে আলোকসজ্জাকরণ। উল্লেখ্য ২৫শে মার্চ কালরাত্রি হওয়ায় সেদিন রাতে আলোকসজ্জা বন্ধ থাকবে।
৬. স্থানীয় প্রশাসনের উদ্যাগে আয়োজিত অন্যান্য অনুষ্ঠানে অংশগ্রহণ।

এমতাবস্থায়, জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণকে উল্লেখিত কর্মসূচী বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হলো।

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ২। মুজিবৰ্ষে এলজিইডি কর্তৃক গৃহিত মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ।
- ৩। মুজিবৰ্ষে এলজিইডিতে গঠিত অনুষ্ঠান আয়োজন উপ-কমিটির দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী.....বিভাগ, এলজিইডি।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....অঞ্চল, এলজিইডি।

নিজ নিজ এলাকার কার্যক্রমসমূহ সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।